

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারকঃ ৩২.০১.৩৬৭৭.০০০.১৮.০০১.২২- ১৫২

তারিখঃ ০৫/০৯/২০২২খ্রিঃ

সেলাই প্রশিক্ষণ ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, নবীগঞ্জ হবিগঞ্জ এ অক্টোবর/২০২২খ্রিঃ হতে ডিসেম্বর/২০২২ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদি সেলাই প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী ভর্তির জন্য অত্র উপজেলার ১৮ হতে ৩৫ বছর বয়সী মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণ

ক্রঃনঃ	ট্রেড/কোর্সের নাম	প্রশিক্ষণ মেয়াদ	আসন সংখ্যা	আবেদন সংগ্রহ/জমার তারিখ	ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ
০১	সেলাই প্রশিক্ষণ	০৩ (তিন) মাস	৩০জন	০১/০৯/২০২২ হতে ২৫/০৯/২০২২ পর্যন্ত	২৭/০৯/২০২২ সকাল ১১.০০ টা

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীর বয়স অবশ্যই ০১/০৯/২০২২ খ্রিঃ তারিখে ১৮-৩৫ বছর হতে হবে।
- ০২। আবেদনপত্রের সাথে ভোটার আইডি/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি দিতে হবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি সংযুক্ত করে দিতে হবে। সর্বনিম্ন যোগ্যতা ৫ম(পঞ্চম) শ্রেণী পাস।
- ০৪। আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি সংযুক্ত করে দিতে হবে।
- ০৫। সচল মোবাইল নম্বর প্রদান বাধ্যতামূলক।
- ০৬। দুঃস্থ, অসহায়, বিধবা, স্বামী পরিত্যক্তা, তালাকপ্রাপ্ত বেকার মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০৭। পৌরসভার পাশাপাশি নবীগঞ্জ উপজেলার সকল ইউনিয়নের আগ্রহী প্রার্থীদের আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


নুরজাহান ফেরদৌসী

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
নবীগঞ্জ, হবিগঞ্জ।